

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) কর্মচারী পদে চাকরিপ্রার্থীদের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের নিম্নমান সহকারী মানিক চন্দ্র দাসকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। গতকাল রবিবার দুপুরে সাংবাদিকদের এ তথ্য জানান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শিরীণ আখতার। উপাচার্য বলেন, ‘অভিযোগ পাওয়ার পর উপাচার্যের নির্বাহী ক্ষমতাবলে তাঁকে (মানিক) সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। ঘটনা তদন্ত করতে চার সদস্যের কমিটি করা হয়েছে।

বিজ্ঞাপন

কমিটিকে পাঁচ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। তদন্ত প্রতিবেদনে অভিযোগের সত্যতা পেলে তাঁকে স্থায়ীভাবে বহিষ্কার করা হবে। ’ গত শুক্রবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কর্মচারী নিয়োগে আর্থিক লেনদেনের দুটি ফোনালাপ ফাঁস হয়।